# প্রেসিডেন্সি কলেজ প্রাসঙ্গিকী

## প্রতিষ্ঠাতৃ-দিবস

২০এ জানুয়ারি

১৯৮২

# প্রেসিডেন্সি কলেজ প্রাসঙ্গিকী
## প্রতিষ্ঠাতৃ-দিবস, ২০ জানুয়ারি ১৯৮২

**১৮১৭ খ্রীস্টাব্দের ২০এ জানুয়ারী** প্রেসিডেন্সি কলেজ প্রতিষ্ঠিত হয়েছিল। তখন এর নাম ছিল ‘‘হিন্দু কলেজ’’। ১৮৫৫ খ্রীস্টাব্দে এই কলেজের রূপান্তর ও নামান্তর ঘটে এবং পঠন-পাঠনের ব্যাপারে সার্বজনীন হয়ে ওঠে। প্রতিষ্ঠার দিন থেকেই ভারতে ইংরেজী শিক্ষা তথা আধুনিক যুগেরও সূচনা হয়। প্রথমে এর পথ কুসুমাস্তীর্ণ ছিল না। উত্থান-পতন ও দ্বন্দ্বের পথেই এই বিদ্যায়তন শুভকে বরণ করে নিয়েছে এবং সাথে সাথে ভারতবর্ষের জাতীয় জীবনেও পরিবর্তন সাধিত হয়েছে। এই কলেজ স্থাপনের ব্যাপারে জানা-অজানা অনেকের অক্লান্ত পরিশ্রম, উৎসাহ ও অপরিমেয় আন্তরিকতার উত্তরাধিকার আমরা লাভ করেছি। সেইসব বরেণ্য ব্যক্তির অনলস প্রচেষ্টাতেই এই ঐতিহ্যমণ্ডিত কলেজটির প্রতিষ্ঠা সম্ভব হয়েছে। স্যার এডওয়ার্ড হাইড ঈস্ট, বৈদ্যনাথ মুখোপাধ্যায়, জোসেফ ব্যারেটো, জে এইচ হ্যারিংটন, লেফটেনান্ট-কর্নেল ফ্রান্সিস আরভিন, রামদুলাল দে (সরকার), বর্ধমানের মহারাজা তেজচন্দ্র বাহাদুর, পাথুরিয়াঘাটার গোপীমোহন মল্লিক প্রমুখ অনেকে এই কলেজের প্রতিষ্ঠায় সহায়তা করেছিলেন। আজ প্রতিষ্ঠাতৃ-দিবসের এই পুণ্য মুহূর্তে আমরা তাঁদের উদ্দেশ্যে আমাদের ভক্তি ও শ্রদ্ধা জানাই।

ছাত্রছাত্রী, গবেষক ও অধ্যাপকদের মিলিত চেষ্টায়, গভীর অনুসন্ধিৎসা ও ব্যাপক জিজ্ঞাসা নিত্য নব জ্ঞানের উৎসে উচ্ছ্বসিত হয়ে উঠছে এখানে। বিভিন্ন বিভাগে শিক্ষা ও নিত্য-নূতন গবেষণা সম্প্রসারিত হচ্ছে। এই শিক্ষার কর্মযজ্ঞে অপূর্ণতাকে অবহেলা করা চলে না—শিক্ষকের অভাব বাঞ্ছনীয় নয়, বিভিন্ন উপকরণের অভাবও অসমীচীন। কয়েক বছর আগে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের কয়েকজন সদস্যও তাই কলেজ পরিদর্শন করতে এসে প্রেসিডেন্সি কলেজকে স্বয়ং-সম্পূর্ণ বিদ্যায়তন তথা বিশ্ববিদ্যালয়রূপে অনুমোদনের কথা ব'লে গেছেন। প্রতিষ্ঠাতৃ-দিবসের বিগত অনুষ্ঠানেও আমরা জানিয়েছিলাম পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষা বিভাগ মঞ্জুরি কমিশনের এই পরিকল্পনা অনুমোদন করেছেন এবং সেই অনুযায়ী কমিশনের কাছে তাঁদের প্রতিশ্রুত অর্থের জন্য লেখা হয়েছে। কিন্তু দুঃখের সঙ্গে জানাই মঞ্জুরি কমিশন সম্প্রতি এই টাকা দিতে রাজি হচ্ছেন না। অবশ্য এই কলেজ থেকে সেই অর্থ মঞ্জুরির চেষ্টা চালিয়ে যাওয়া হচ্ছে।

**আলোচ্য বছরে প্রেসিডেন্সি কলেজের বিভিন্ন বিভাগের অগ্রগতি**

বিভিন্ন বিভাগ থেকে প্রাপ্ত বিবরণের সাহায্যে জানতে পারছি আলোচ্য বছরেও প্রেসিডেন্সি কলেজ পরীক্ষার ফল ও অন্যান্য বিষয়ে তার অতীত গৌরব অক্ষুণ্ণ রাখতে পেরেছে। বিভিন্ন বিভাগে সুপণ্ডিত অধ্যাপকদের পরিচালনায় কলেজের বিভিন্ন শিক্ষক এবং বহিরাগত গবেষকরা তাঁদের অতি মূল্যবান মৌলিক গবেষণাকার্য চালিয়ে যাচ্ছেন। ছাত্রছাত্রী ও অধ্যাপকমণ্ডলী দেশী-বিদেশী পণ্ডিত-মনীষীকে আমন্ত্রণ ক'রে এনে অন্যান্য বছরের মতই সেমিনার-বক্তৃতামালার আয়োজন করেছেন এবং কলা ও বিজ্ঞান বিভাগের ছাত্রছাত্রীদের নিয়ে বিভিন্ন শিক্ষামূলক ভ্রমণের ব্যবস্থা করা হয়েছে। কলেজের সুসমৃদ্ধ প্রাচীন গ্রন্থাগারে আরও অনেক নতুন পুস্তক ও পত্রপত্রিকা সংযোজিত হয়েছে। শিক্ষক পদ শূন্য থাকা বা এই জাতীয় কিছু অভাব-অভিযোগও রয়েছে এবং সে বিষয়ে কলেজের পক্ষ থেকে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করাও চলছে।

**ছাত্রদের সুযোগসুবিধার জন্য কলেজ কর্তৃপক্ষের পরিকল্পনা ও কর্মসূচী**

টি এস স্টার্লিং অছি তহবিলে গচ্ছিত টাকার সুদ থেকে প্রতি শিক্ষাবর্ষের জন্য মাসিক চল্লিশ টাকা হারে ত্রিশটি বৃত্তির ব্যবস্থা আছে। ঐ তহবিলে আরও এক লক্ষ পঁচিশ হাজার টাকার সুদকে ছাত্রকল্যাণে লাগানোর প্রচেষ্টা সম্পূর্ণ প্রায়।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সহায়তায় "বুক ব্যাঙ্ক" চালু আছে। বই কেনা ও ল্যাবরেটরির যন্ত্রপাতি সংগ্রহের জন্য মঞ্জুরি কমিশন থেকে কিছু সাহায্য পাওয়া গেছে।

প্রেসিডেন্সি কলেজের প্রাক্তন অধ্যাপক প্রফুল্লচন্দ্র ঘোষ মহাশয়ের স্মৃতির উদ্দেশ্যে গঠিত তহবিলের সুদের টাকা থেকে ইংরেজী এম এ পরীক্ষায় উত্তীর্ণ এবং সর্বাধিক মানপ্রাপ্ত এই কলেজের ছাত্র/ছাত্রীকে এ বছরেও "অধ্যাপক প্রফুল্লচন্দ্র ঘোষ" পুরস্কার দেওয়া হয়েছে।

অধ্যাপক ইউ এন ঘোষাল-প্রদত্ত দেড় হাজার টাকায় গঠিত "অধ্যাপক ইউ এন ঘোষাল ট্রাস্ট ফাণ্ড"-এর সুদের টাকা থেকে প্রতি বছর অর্থনীতি বিভাগের ছাত্র/ছাত্রীকে একটি পুরস্কার দেওয়ার ব্যবস্থা হচ্ছে।

শ্রীমতী প্রতিমা মিত্র প্রদত্ত দশ হাজার টাকার অনুদান দিয়ে তার পুত্রের স্মৃতিরক্ষার্থে গঠিত "বিজয় স্মৃতি স্কলারশিপ ফাণ্ড"-এর সুদ থেকে প্রতি বছর একটি ক'রে বৃত্তি দেওয়া হয় রসায়ন বিভাগের কোন ছাত্র বা ছাত্রীকে।

শ্রীসন্তোষকুমার চট্টোপাধ্যায় মহাশয়ের কাছ থেকে তাঁর দিদিমার স্মৃতিরক্ষার্থে "চারুশীলা দেবী ফাণ্ড" গঠন করবার জন্য সাতশ পঞ্চাশ টাকার যে অনুদান পাওয়া গেছে তার সুদ থেকে অন্য কোনভাবে পুরস্কৃত হয় নি, গণিত বিভাগের এমন কোন ভাল ছাত্রকে একটি ক'রে পদক দেওয়া হচ্ছে।

পিতার স্মৃতিরক্ষার্থ শ্রীঅনিলকুমার মুখোপাধ্যায় প্রদত্ত এক হাজার টাকায় গঠিত "জ্ঞানেন্দ্র-ভূষণ মুখার্জী প্রাইজ ফাণ্ড" থেকে গণিত বিষয়ে এই কলেজ থেকে স্নাতক পর্যায়ে সর্বোচ্চ মানপ্রাপ্ত ছাত্র/ছাত্রীকে প্রতি বছর একটি ক'রে পুরস্কার দেওয়ার ব্যবস্থা হচ্ছে।

১৯৮১-৮২ সাল থেকে সাম্মানিক হিন্দী বিষয়ে পঠন-পাঠন শুরু হয়েছে।

**ছাত্রসংখ্যা ও বৃত্তি**

বর্তমানে কলেজে ছাত্রছাত্রীসংখ্যা মোট ১,১১৭। এঁদের মধ্যে ছাত্রীদের সংখ্যা ৫০০। এ বছরে ৫৯৭ জন ছাত্রছাত্রী বিভিন্ন পরীক্ষায় উত্তীর্ণ হয়ে সরকারী বৃত্তি পেয়েছেন। এঁদের মধ্যে অসচ্ছল অথচ মেধাবী ৫৮৫ জন ছাত্রছাত্রী বৃত্তি পেয়েছেন। বার জন ছাত্রছাত্রীকে ন্যাশনাল ট্যালেন্ট সার্চ বৃত্তি দেওয়া হয়েছে এবং তিনজনকে জগদীশ বোস ন্যাশনাল সায়েন্স ট্যালেন্ট সার্চবৃত্তি দেওয়া হয়েছে।

**কয়েকটি উল্লেখযোগ্য ফল**

পরীক্ষার ফল পূর্ব পূর্ব বৎসরের মতই সন্তোষজনক। ১৯৮০ সালের বি এ পার্ট ওয়ান পরীক্ষায় বাঙলা বিভাগে একজন, দর্শন বিভাগে ছয়জন পরীক্ষার্থী প্রথম শ্রেণীর সম্মান পেয়েছে। ইতিহাস বিভাগে দুজন পরীক্ষার্থী প্রথম শ্রেণীর অনার্স পেয়েছিলেন। এই পরীক্ষায় ইংরেজী বিভাগে প্রথম শ্রেণীর অনার্স পেয়েছেন একজন।

অর্থনীতি বিভাগ থেকে ১৯৮০ সালের বি এ-বিএস-সি পার্ট টু পরীক্ষায় দুজন, এবং পার্ট ওয়ান পরীক্ষায় পাঁচজন প্রথম শ্রেণীর অনার্স লাভ করেছেন।

১৯৭৯ খ্রীস্টাব্দের এম এস-সি পরীক্ষায় পদার্থবিদ্যায় দুজন এবং ১৯৮০ সালের বি এস-সি পার্ট টু পরীক্ষায় পদার্থবিদ্যা অনার্সে চারজন প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছেন।

ভূতত্ত্ব বিভাগ থেকে ১৯৭৯ সালের এম এস-সি পরীক্ষায় আটজন প্রথম শ্রেণী লাভ করেছেন। ঐ বিভাগ থেকে ১৯৮০ সালের বি এস-সি পার্ট টু পরীক্ষায় পাঁচজন প্রথম শ্রেণী লাভ করেছেন।

১৯৮০ সালের বি এস-সি পার্ট ওয়ান পরীক্ষায় উদ্ভিদবিদ্যায় আটজন প্রথম শ্রেণীর অনার্স পেয়েছেন। ১৯৮০ সালের পার্ট ওয়ান পরীক্ষায় রাশিবিজ্ঞান থেকে একজন প্রথম শ্রেণীর অনার্স লাভ করেছেন।

ভূগোল বিভাগ ১৯৮০ সালের বি এস-সি পার্ট ওয়ান পরীক্ষায় ছয়জন প্রথম শ্রেণীর অনার্স পেয়েছেন। ঐ বিষয়ে ১৯৮০ সালের এম এস-সি পার্ট ওয়ান পরীক্ষায় দুজন এবং ঐ বছরের এম এস-সি পার্ট টু পরীক্ষায় চারজন পরীক্ষার্থীর সকলেই প্রথম শ্রেণী লাভ করেছেন।

রসায়ন বিভাগে বি এস-সি অনার্স (পুরাতন পাঠ্যক্রম) (১৯৮০) পার্ট টু পরীক্ষায় দুজন এবং এম এস-সি পরীক্ষায় (১৯৭৯) একজন প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছেন।

**অধ্যাপকমণ্ডলীর পরিবর্তন**

আলোচ্য বর্ষে বাঙলা বিভাগ থেকে বদলি হয়েছেন অধ্যাপক মানব গঙ্গোপাধ্যায় ও অধ্যাপক মিহির দেববর্মণ। এই বিভাগে যোগ দিয়েছেন অধ্যাপিকা ডঃ অনীতা বন্দোপাধ্যায় এবং অধ্যাপিকা কস্তুরী মুখোপাধ্যায়। ইংরেজী বিভাগ থেকে অধ্যাপিকা জয়তী ঘোষ অন্যত্র বদলি হয়েছেন। এবং বিদেশে গবেষণাকার্য সমাপ্ত ক'রে এই বিভাগে পুনরায় যোগ দিয়েছেন অধ্যাপক ডঃ সুকান্ত চৌধুরী এবং অধ্যাপিকা ডঃ সুপ্রিয়া চৌধুরী। অধ্যাপক ডঃ হীরেন্দ্রনাথ চক্রবর্তী ইতিহাস বিভাগের প্রধান পদ ছেড়ে পশ্চিমবঙ্গ সরকারের লেখ্যাগারের ডিরেক্টর হয়েছেন। তাঁর শূন্যপদে এই বিভাগেরই অধ্যাপক ডঃ রজত রায় যোগ দিয়েছেন। অধ্যাপিকা আরতি গুহ এই বিভাগে বদলি হয়ে এসেছেন। রাষ্ট্রবিজ্ঞান বিভাগে আংশিক সময়ের অধ্যাপক হিসাবে অধ্যাপক বিকাশ দত্ত যোগ দেন এবং অল্পদিন পরে পূর্ণ সময়ের অধ্যাপক হয়ে অন্যত্র চলে যান। সেই শূন্য পদে যোগ দেন অধ্যাপিকা সুপ্রিয়া রায়চৌধুরী। গণিত বিভাগের অধ্যাপিকা লক্ষ্মী বৈদ্যনাথন এই কলেজ থেকে বদলি হন এবং অধ্যাপক গোপালচন্দ্র মণ্ডল সেই শূন্য পদে বদলি হয়ে আসেন। পদার্থবিদ্যা বিভাগ থেকে অধ্যাপক জি দে,

অধ্যাপক ডি ভট্টাচার্য এবং অধ্যাপক জি সরকার বদলি হয়ে যান এবং এই বিভাগে যোগ দেন অধ্যাপক এস কে বসু, অধ্যাপক এ কে সাহা এবং অধ্যাপক এস কর। পদার্থবিদ্যা বিভাগে অবসর গ্রহণ করেন দুজন—শ্রীসুরেন্দ্রচন্দ্র দাস ও শ্রীকালীশঙ্কর গাঙ্গুলি। রসায়ন বিভাগ থেকে অধ্যাপক অশোক চৌধুরী ও অধ্যাপক শরদিন্দু ভট্টাচার্য অন্যত্র বদলি হয়েছেন। অধ্যাপক সুবোধচন্দ্র চক্রবর্তী, অধ্যাপক অমলেন্দু হালদার এবং অধ্যাপক প্রশান্ত ভৌমিক এই বিভাগে বদলি হয়ে এসেছেন। ডেমনস্ট্রেটর শ্রীগৌরীশঙ্কর মুখোপাধ্যায় অন্যত্র বদলি হয়েছেন এবং সেই পদে শ্রীমধুসূদন দে যোগ দিয়েছেন। ভূতত্ত্ব বিভাগ থেকে অধ্যাপক ডঃ কে পি ঘোষ এবং অধ্যাপক ডঃ ধ্রুবজ্যোতি মুখোপাধ্যায় অন্যত্র বদলি হয়েছেন। ডেমনস্ট্রেটর শ্রী পি কে গুহ পদোন্নতি লাভ ক'রে অন্যত্র বদলি হয়েছেন। অধ্যাপক ডঃ এস কে দেব বদলি হয়ে এই বিভাগে যোগ দিয়েছেন। রাশিবিজ্ঞান বিভাগে অধ্যাপক অসিতকুমার আইচ যোগ দিয়েছেন এবং এই বিভাগে অ্যাড হক ভিত্তিতে কর্মরত অধ্যাপক বরুণকুমার দত্ত স্থায়ী পদ লাভ করেছেন। ভূগোল বিভাগের অধ্যাপক ডঃ পান্নালাল দাস পদত্যাগ ক'রে অন্যত্র চলে গেছেন।

**গবেষণা, সেমিনার, শিক্ষামূলক ভ্রমণ ও অন্যান্য সংবাদ**

ইংরেজী বিভাগের অধ্যাপক সুকান্ত চৌধুরী এবং অধ্যাপিকা সুপ্রিয়া চৌধুরী অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে যথাক্রমে "Some Aspects of Renaissance Pastoral and its English Developments" এবং "The Idea of Metamorphosis in Some Renaissance English Writers" বিষয়ে গবেষণা ক'রে ডক্টরেট ডিগ্রি লাভ করেছেন। এই বিভাগের দ্বিতীয় বর্ষের ছাত্রছাত্রীরা ইংরেজী নাটকের ক্রমবিকাশ বিষয়ে একটি আলোচনা সভার আয়োজন করেন। সকল ছাত্রছাত্রী এ বিষয়ে প্রবন্ধ রচনা ও নাট্যাংশ পাঠে অংশ নিয়েছিল। এছাড়া "সেক্সপীয়রের নাটক শুধুই পাঠযোগ্য না মঞ্চোপযোগী"—এই বিষয়ে একটি বিতর্ক সভা হয়। উভয় সভায় বিভাগীয় প্রধান অধ্যাপক কালিদাস বসু সভাপতিত্ব করেন। এই বিভাগের উদ্যোগে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপিকা কিটি দত্ত The Poetry of Andrew Marvell, কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক অরুণ দাশগুপ্ত The Time-Theme in Shakespeare এবং ব্রিটিশ কাউন্সিলের Mr. Kevin-Grossley-Holland "অ্যাংলো স্যাক্সন কবিতা" বিষয়ে বক্তৃতা দেন।

হিন্দী বিভাগে আলোচ্য বর্ষে প্রথম অনার্স পাঠ্যক্রম শুরু হয়েছে। এই বিভাগকে সমৃদ্ধ ক'রে তোলার জন্য সেমিনার গ্রন্থাগার ও অধ্যাপক পদ সৃষ্টি বিষয়ে কাজ অনেক দূর গিয়েছে। এই বিভাগের অধ্যাপক ডঃ সুব্রত লাহিড়ী এবং অধ্যাপক সদানন্দ সিংহ কলিকাতা বিশ্ববিদ্যালয়ে যথাক্রমে হিন্দী ভাষা শিক্ষক এবং অবৈতনিক অতিথি অধ্যাপক হিসাবে নিযুক্ত হয়েছেন।

অধ্যাপক ডঃ রজত রায় এবং অধ্যাপক সুদিন চট্টোপাধ্যায়ের পরিচালনায় ইতিহাস বিভাগের ছাত্রছাত্রীরা সরকারী অর্থানুকূল্য ছাড়াই স্থাপত্য, ভাস্কর্য ও ইতিহাস বিষয়ে শিক্ষামূলক ভ্রমণে বেরিয়ে গৌড়-মালদা ও বহরমপুর-মুর্শিদাবাদের ঐতিহাসিক নিদর্শনসমূহ দেখে এসেছেন। বিভাগীয় সেমিনারে নানা জ্ঞানগর্ভ আলোচনা হয়েছে। বিভাগীয় প্রধান ডঃ রজত রায়ের বিভিন্ন গবেষণামূলক রচনা দেশ ও বিদেশের পত্রপত্রিকায় প্রকাশিত হয়েছে। ডঃ লাডলীমোহন

রায়চৌধুরীর কয়েকটি গবেষণামূলক প্রবন্ধ প্রকাশিত হয়েছে। ইতিহাস বিভাগের অন্যান্য অধ্যাপকগণও নিজের নিজের ক্ষেত্রে গবেষণায় রত রয়েছেন। ইতিহাসের সেমিনার গ্রন্থাগার আলোচ্য বর্ষে অধিকতর সমৃদ্ধ।

দর্শন বিভাগের প্রধান অধ্যাপক ডঃ নীরদবরণ চক্রবর্তী রামকৃষ্ণ মিশন আয়োজিত কনভেনশনে এপ্রিল ১৯৮১-তে "স্বামী বিবেকানন্দের দর্শন" বিষয়ে বক্তৃতা দেন। এই বিভাগের অধ্যাপক ডঃ জটিলকুমার মুখোপাধ্যায় রাঁচি বিশ্ববিদ্যালয়ে "Kathā or Legitimate Discourse" বিষয়ে তিনটি বক্তৃতা দেন। তিনি ১৯৮২ জানুয়ারিতে দ্বারভাঙ্গা মিথিলা রিসার্চ ইনস্টিটিউটে অনুষ্ঠিতব্য "Indian Doctrine of Liberation" বিষয়ে একটি আলোচনা সভায় অংশগ্রহণ করতে আমন্ত্রিত হয়েছেন। ডঃ নীরদবরণ চক্রবর্তীর পরিচালনায় তিনজন গবেষক পি-এইচ ডি ডিগ্রির জন্য কাজ করছেন—তাঁদের মধ্যে একজন ইতিমধ্যে কলিকাতা বিশ্ববিদ্যালয়ে তাঁর গবেষণাপত্র জমা দিয়েছেন। ডঃ জটিলকুমার মুখোপাধ্যায়ও দুজন গবেষককে পরিচালনা করছেন। তাঁদের গবেষণাও সম্পূর্ণতার পথে। অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের ডঃ জে এন মহান্তি দর্শন বিভাগের সেমিনারে "ভারতীয় দর্শনের ভবিষ্যৎ" বিষয়ে বক্তৃতা দেন।

অর্থনীতি বিভাগের Centre for Economic Studies-এ রীডার হিসাবে কলেজের প্রাক্তন ছাত্রী ডঃ জয়শ্রী দত্ত যোগ দিয়েছেন। শ্রীবৈদ্যনাথ চক্রবর্তী সিনিয়র রিসার্চ ফেলো এবং শ্রী নীলাঞ্জন মিত্র ও শ্রীমতী ইন্দ্রাণী মিত্র জুনিয়র রিসার্চ ফেলো হিসাবে যোগ দিয়েছেন। ইউ জি সি পরিকল্পনায় এই কেন্দ্র সম্প্রসারিত হয়ে চলেছে। এই স্কিমে তিনজন অধ্যাপক পদের উন্নয়ন সাধিত হয়েছে। তিনজন রিসার্চ ফেলো এবং তিনজন টিচার ফেলো এই বিভাগের অধ্যাপকদের পরিচালনায় গবেষণারত আছেন। এই কেন্দ্রের তিনজন প্রাক্তন গবেষক শ্রীমতী ধীরা ঘোষ, শ্রীমতী লিলি দত্ত এবং শ্রীনির্মল আগরওয়ালা কলিকাতা বিশ্ববিদ্যালয় থেকে অর্থ-নীতিতে পি-এইচ ডি উপাধি লাভ করেছেন। এই বিভাগের কয়েকজন অধ্যাপক গবেষণায় রত রয়েছেন এবং বিভিন্ন প্রতিষ্ঠান আয়োজিত সেমিনারে বক্তৃতা দিয়েছেন। এই বিভাগ ও সেন্টার ফর ইকনমিকস স্টাডিজ-এর পরিচালনায় "Public Policy Issues Relating the Indian Economy" বিষয়ে একটি সেমিনার অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের উদ্যোগেই এই সেমিনারের পরিকল্পনা করা হয়েছিল। এই সেমিনারে যাঁরা তাঁদের নিবন্ধ পাঠ করেন বা আলোচনায় অংশগ্রহণ করেন তাঁরা হলেন ডঃ অশোক দেশাই (NCAER), অধ্যাপক অমরেশ বাগচী (NIPF), অধ্যাপক অজিত দাশগুপ্ত (Institute of Economic Growth), ডঃ বলবন্ত রেড্ডি (Administrative Staff College of India), ডঃ রমাপ্রসাদ সেনগুপ্ত (JLNU), ডঃ কৌশিক বসু (Delhi School of Economics), ডঃ নির্মল চন্দ্র (IIM, Calcutta), ডঃ শান্তিকুমার চক্রবর্তী (ISI, Calcutta), ডঃ ডি এন ঘোষ (পশ্চিমবঙ্গ সরকারের প্রাক্তন প্ল্যানিং সেক্রেটারী) এবং পশ্চিমবঙ্গের বিভিন্ন প্রতিষ্ঠানের বিখ্যাত পণ্ডিত ব্যক্তিগণ। অধ্যাপিকা অমিতা দত্ত ইণ্ডিয়ান ইকনমিক অ্যাসোসিয়েশনের আসন্ন অধিবেশনে "Energy Crisis in India" বিষয়ে তাঁর গবেষণা নিবন্ধ পড়তে আহ্বান পেয়েছেন। ইণ্ডিয়ান স্ট্যাটিসটিকাল ইনস্টিটিউটের ডঃ দীপঙ্কর দাশগুপ্ত এই বিভাগের গবেষক ও অধ্যাপকবৃন্দের উদ্দেশ্যে "Real Analysis and Topology—-Applications to Economic Theory" বিষয়ে সম্প্রতি বক্তৃতামালা দিয়ে চলেছেন। কলেজ থেকে কোন অর্থসাহায্য না পাওয়া গেলেও দ্বিতীয় ও তৃতীয় বার্ষিক অর্থনীতি অনার্সের ৩২ জন ছাত্রছাত্রী

অধ্যাপিকা অমিতা দত্ত, অধ্যাপক বিশ্বজিত চট্টোপাধ্যায়, শ্রীবিবেক দেবরায় ও শ্রীঅনির্বাণ চট্টোপাধ্যায়ের পরিচালনায় উড়িষ্যার চণ্ডীপুরে চার দিনের শিক্ষামূলক ভ্রমণে অংশগ্রহণ করেন।

রাষ্ট্রনীতি বিভাগের আয়োজিত এক সেমিনারে "সাম্প্রতিক জনগণনা" বিষয়ে পশ্চিম-বঙ্গের জনগণনার ডিরেক্টর শ্রীসত্যেন্দ্র ঘোষ, আই এ এস, এক বক্তৃতা দেন। দুজন "টিচার ফেলো" অধ্যাপক চন্দন ভট্টাচার্য ও অধ্যাপক অশোককুমার সরকার ডঃ অমলকুমার মুখোপাধ্যায়ের পরিচালনাধীনে পি-এইচ ডি উপাধির জন্য গবেষণা চালিয়ে যাচ্ছেন। ডঃ মুখোপাধ্যায়ের পরিচালনায় একজন গবেষক সম্প্রতি কলিকাতা বিশ্ববিদ্যালয়ে পি-এইচ ডি ডিগ্রি লাভের জন্য তাঁর গবেষণাপত্র জমা দিয়েছেন। এই বিভাগের অধ্যাপক ডঃ প্রশান্ত রায় কলিকাতা বিশ্ববিদ্যালয়ের এক "U.L.P." পাঠ্যক্রমে অতিথি বক্তা হিসাবে কাজ করেছেন। বিভাগীয় প্রধান ডঃ অমলকুমার মুখোপাধ্যায় ১৯৮১ সালের এপ্রিলে মুরলীধর গার্লস কলেজে "ভারতে রাষ্ট্রপতিপ্রধান সরকার গঠনের বাঞ্ছনীয়তা" বিষয়ে এক সেমিনার বক্তৃতা দেন। তিনি সমাজবিজ্ঞান বিষয়ক ত্রৈমাসিক পত্রিকা "Socialist Perspective" সম্পাদনার কাজ ক'রে যাচ্ছেন।

গণিত বিভাগে "টিচার ফেলোশিপ" পরিকল্পনায় শ্রী এস এন উপাধ্যায় তাঁর গবেষণা শেষ করেছেন। তিনি শীঘ্রই তাঁর গবেষণাপত্র জমা দেবেন। শ্রীউৎপল সমাদ্দার সম্প্রতি উক্ত পরিকল্পনা অনুযায়ী গবেষক হিসাবে এই বিভাগে যোগ দিয়েছেন। অন্য তিনজন "টিচার ফেলো" "Elasticity"র সমস্যা বিষয়ে কয়েকটি গবেষণামূলক নিবন্ধ সম্পূর্ণ করেছেন এবং তাঁদের গবেষণাকার্য চালিয়ে যাচ্ছেন। গণিত বিভাগের ছাত্র সমিতি বার্ষিক পুনর্মিলন উৎসবের আয়োজন করেন। ১৩ই সেপ্টেম্বর ১৯৮১ তারিখে অনুষ্ঠিত এই পুনর্মিলন সভা সুসম্পন্ন হয়। এই অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এই বিভাগের প্রাক্তন প্রধান অধ্যাপক এবং বর্তমান ডি পি আই ডঃ সুশীলচন্দ্র দাশগুপ্ত।

পদার্থবিদ্যা বিভাগের ব্যবস্থাপনায় এই বিষয়ে কয়েকটি সেমিনার অনুষ্ঠিত হয়েছিল। দ্বিতীয় বার্ষিক শ্রেণীর ছাত্রছাত্রীরা শ্রীশিশিরকুমার বসু এবং শ্রীদেবব্রত ঘোষের পরিচালনায় ঘাটশিলা ও নিকটবর্তী তাম্রখনি ও তৎসংশ্লিষ্ট "instrumentation technology" পরিদর্শন উপলক্ষে এক শিক্ষামূলক ভ্রমণে যোগ দেন। কলেজের অধ্যক্ষ ডঃ বি এন বসাক সম্প্রতি কানাডার Ottawa-এ "International Union of Cystallography"র সম্মেলন ও সাধারণ সভায় যোগ দেন এবং পদার্থবিদ্যা বিভাগে তাঁর গ্রুপের গবেষণাকর্মীদের কাজের ভিত্তিতে তিনটি গবেষণামূলক নিবন্ধ পেশ করেন। ডঃ বসাক তাঁর বিদেশে অবস্থানকালে চিকাগো, হার্ভার্ড, প্রিন্সটন বিশ্ববিদ্যালয়সমূহ এবং MIT প্রভৃতি আমেরিকান বিশ্ববিদ্যালয় ও প্রতিষ্ঠানে গিয়েছিলেন। পদার্থবিদ্যা বিভাগের নিম্নলিখিত সদস্যগণ আলোচ্য বর্ষে পি-এইচ ডি উপাধি লাভ করেন :—

(১) শ্রীমতী মীনাক্ষী ঘোষ—X-Ray Diffraction.
(২) শ্রী ডি কে ভট্টাচার্য—Electron Microscopy.
(৩) শ্রী এস গুহঠাকুরতা—General Relativity.

শ্রী এস কে সরকার তাঁর থিসীস (Solid State Physics) জমা দিয়েছেন।

রসায়ন বিভাগ থেকে তিনজন গবেষক পি-এইচ ডি উপাধির জন্য তাদের গবেষণাপত্র জমা দিয়েছেন। পশ্চিমবঙ্গ সরকারের কৃষি বিভাগ ও শিক্ষা বিভাগ এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের অনুদানে দুজন "টিচার ফেলো" সহ বারজন গবেষক এই বিভাগে গবেষণারত আছেন। প্রাক্তন অধ্যক্ষ ও প্রাক্তন বিভাগীয় প্রধান এবং বর্তমানে এই বিভাগের ইউ জি সি শিক্ষকরূপে কর্মরত ডঃ সুধীরচন্দ্র সোম বোম্বাই-এর "ভাবা অ্যাটমিক রিসার্চ সেন্টার" কর্তৃক আমন্ত্রিত হয়ে "ট্রেস অ্যানালিসিস ও টেকনলজিকাল ডেভেলপমেন্ট ইন্টারন্যাশানাল সিম্পোসিয়ামে" যোগদান করেছেন এবং "মলিকুলার অ্যাবজরপ্শন স্পেকট্রোমেট্রি" সেক্শনে চেয়ারম্যান হিসাবে কার্য সম্পাদনা করেছেন।

ভূতত্ত্ব বিভাগের বি এস-সি ও এম এস-সি শ্রেণীর ছাত্রছাত্রীরা পশ্চিমবঙ্গ, বিহার, উড়িষ্যা, মধ্যপ্রদেশ এবং রাজস্থানের বিভিন্ন স্থানে ভূতত্ত্ব বিষয়ে ফিল্ড ট্রেনিং-এ অংশ গ্রহণ করেন। এছাড়া এম এস-সি ক্লাসের ছাত্রছাত্রীরা তাঁদের থিসিস পেপারের কাজে অধ্যাপকদের নির্দেশক্রমে ভারতের বিভিন্ন স্থানে স্বতন্ত্রভাবে ভ্রমণসূচী অনুসরণ করেন। এই বিভাগের অধ্যাপক ডঃ ধ্রুবজ্যোতি মুখোপাধ্যায় ধানবাদের ইণ্ডিয়ান স্কুল অব মাইনস-এ অধ্যাপক পদে যোগ দিয়েছেন। এ বছর ডঃ এম কে বসুর সম্পাদনায় "Indian Journal of Earth Sciences" পত্রিকার দুটি সংখ্যা প্রকাশিত হয়। এই বিভাগের কয়েকজন অধ্যাপক ও গবেষকের উদ্যোগে স্থাপিত এই পত্রিকা সম্প্রতি তার আট বৎসর পূর্ণ করল। এই বিভাগের ছাত্রছাত্রীদের সমিতি "Geological Institute খুবই সক্রিয় ছিল। দ্বিভাষিক পত্রিকা ভূবিদ্যার ৩৮তম সংখ্যা (১৯৮০-৮১) প্রকাশ করা ছাড়াও এই ইনস্টিটিউট বিখ্যাত বৈজ্ঞানিকদের উপস্থিতিতে বক্তৃতামালার আয়োজন করেছিল। এইসব বক্তৃতায় আমেরিকার Prof. George Devore এবং ডঃ অভিজিত বসু অংশগ্রহণ করেন। জিওলজিকাল ইনস্টিটিউট এবং এস রায় মেমোরিয়াল কমিটির মিলিত উদ্যোগে পঞ্চম এস রায় স্মৃতি বক্তৃতার আয়োজন করা হয়। এই বক্তৃতাসভায় যাদবপুর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপিকা সুপ্রিয়া রায় "Oceanic Sulphide and Manganese Ore Deposits" বিষয়ে প্রাপ্ত সাম্প্রতিক তথ্য বিষয়ে বক্তৃতা দেন। উল্লিখিত পণ্ডিত ও বৈজ্ঞানিকগণ ছাড়াও নিউইয়র্ক সিটি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডঃ সোমদেব ভট্টাচার্য, কানাডা McMaster University-র বিখ্যাত অধ্যাপক Dr. C. E. G. Westermann এই কলেজে আসেন এবং অধ্যাপকমণ্ডলী ও গবেষকবৃন্দের সঙ্গে বিবিধ বিষয়ে আলোচনা করেন। এই বিভাগে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন অনুমোদিত গবেষণা পরিকল্পনায় ডঃ এ কে সাহা Principal Investigator হিসাবে অন্যান্য গবেষকদের নিয়ে "Crustal Evolution and Metallogeneiss in Some Selected Areas of the Indian Precambrian Shield" বিষয়ে গবেষণাকার্যে উল্লেখযোগ্য অগ্রগতির পরিচয় রেখেছেন। আরও নানা দিক দিয়ে এই বিভাগ উন্নত গবেষণার পরিচয় দিয়েছে। এই বছরে ডঃ ডি মুখোপাধ্যায়ের পরিচালনায় শ্রীমোহনচাঁদ বড়াল এবং ডঃ পি কে গঙ্গোপাধ্যায়ের পরিচালনায় শ্রীশিবসাধন রায় কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পি-এইচ ডি উপাধি লাভ করেছেন। ডঃ এ কে সাহা আন্তর্জাতিক গবেষণা পত্রিকা Mathematical Geology-র সম্পাদক-মণ্ডলীতে আছেন এবং আরও অনেক গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন ক'রে চলেছেন। ডঃ এম কে বসু বাঙ্গালোরের Indian Academy of Science-এর ফেলো নির্বাচিত হয়েছেন। তিনি CSIR-এর Earth Science Research Committee-র একজন সদস্য হিসাবেও

মনোনীত হয়েছেন। এই বিভাগের একজন প্রখ্যাত অধ্যাপক প্রফুল্লচন্দ্র দত্ত—যিনি ১৯৫৮ সালে অবসরগ্রহণ করেছিলেন—সম্প্রতি পরলোকগমন করেছেন।

উদ্ভিদবিদ্যা বিভাগ থেকে এ বছরে এম এস-সি দ্বিতীয় টার্মের ছাত্রছাত্রীরা বাঁকুড়া, বিষ্ণুপুর-মুকুটমণিপুর অঞ্চলে এবং বি এস-সি দ্বিতীয় ও তৃতীয় বর্ষের ছাত্রছাত্রীরা উত্তর ভারতে শিক্ষামূলক ভ্রমণে যান। এছাড়া নিকটবর্তী এলাকায় কয়েকটি একদিনের ভ্রমণেও তাঁরা যোগ দেন। ইউ জি সি-র Faculty Improvement Programme অনুযায়ী দুজন গবেষক ডঃ এ কে করের পরিচালনায় গবেষণা ক'রে চলেছেন। দুজন গবেষক কলিকাতা বিশ্ববিদ্যালয়ে ইতিমধ্যেই তাঁদের পি-এইচ ডি-র গবেষণাপত্র জমা দিয়েছেন। ডঃ করের পরিচালনায় একজন কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পি-এইচ ডি হয়েছেন। এই বিভাগের একজন অধ্যাপক শ্রীসুভাষ-চন্দ্র সাঁতরা Microbiology বিষয়ে গবেষণা ক'রে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পি-এইচ ডি হয়েছেন। এই বিভাগের অধ্যাপিকা ডঃ স্বাতী সেন-মাণ্ডীর পরিচালনায় একজন পূর্ণ সময়ের এবং একজন আংশিক সময়ের গবেষক বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের অর্থপুষ্ট হয়ে "Viability and Vigour of Seeds বিষয়ে এক গবেষণা-পরিকল্পনার কাজ ক'রে যাচ্ছেন।

কলেজের জীববিদ্যা বিভাগে গবেষণা ক'রে শ্রী এস দাস উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের পি-এইচ ডি উপাধি লাভ করেছেন। এই বিভাগের "টিচার ফেলো" শ্রী এস দাস মহাপাত্র তাঁর পি-এইচ ডির গবেষণাপত্র কলিকাতা বিশ্ববিদ্যালয়ে জমা দিয়েছেন এবং শ্রী এস মজুমদার শীঘ্রই তা জমা দেবেন। এই বিভাগের প্রধান অধ্যাপক ডঃ এস কে দাশগুপ্ত এক গবেষণা পরিকল্পনা রচনা করেছেন। তিনি জুলোজিকাল সার্ভে অব ইণ্ডিয়ার কাছ থেকে কীটতত্ত্ব বিষয়ে এক গ্রন্থ রচনার আহ্বান পেয়েছেন। ফেব্রুয়ারি (১৯৮১) মাসে এই বিভাগের রজত জয়ন্তী উপলক্ষে এক পুনর্মিলন উৎসব অনুষ্ঠিত হয়। সেখানে বিজ্ঞান বিষয়ে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। "স্পন্দন" নামে একটি স্মভেনির (Souvenir) প্রকাশেরও ব্যবস্থা হয়। দ্বিতীয় ও তৃতীয় বর্ষের জীববিদ্যা অনার্সের ছাত্রছাত্রীরা অধ্যাপক আর ভট্টাচার্য ও ডঃ এস ভট্টাচার্যের পরিচালনায় দীঘা সৈকত ও নিকটবর্তী এলাকায় শিক্ষামূলক ভ্রমণে যান। দ্বিতীয় বর্ষের পাস ছাত্রছাত্রীরা আলিপুর চিড়িয়াখানা ও ভারতীয় যাদুঘরে শিক্ষামূলক ভ্রমণে যান—এই ভ্রমণ পরিচালনা করেন শ্রী ডি কে সিংহ ও শ্রী পি পি চৌধুরী। ডঃ ডি কে চক্রবর্তীর পরিচালনায় একটি দেওয়াল পত্রিকা প্রকাশিত হচ্ছে।

রাশিবিজ্ঞান বিভাগের প্রধান ডঃ অতীন্দ্রমোহন গুণ Economic Association of Bengal-এ "উচ্চশিক্ষার অর্থনীতি" শীর্ষক আলোচনাচক্রে Rapporteur হিসাবে কাজ করেছেন। এছাড়া তিনি কলিকাতা বিশ্ববিদ্যালয় আয়োজিত "রাশিবিজ্ঞানে গবেষণা ও শিক্ষণ" শীর্ষক এক আলোচনাচক্রেও অংশ নেন। মার্চ মাসে দ্বিতীয় ও তৃতীয় বর্ষের ছাত্রছাত্রীরা হিন্দুস্থান মোটরসের Quality and Reliability Division প্রদর্শন করে অধ্যাপক বিশ্বনাথ দাস ও অধ্যাপক শঙ্কর ঘোষের পরিচালনায়। পূজার ছুটিতে অধ্যাপক শঙ্কর ঘোষ ও অধ্যাপক অসিতভূষণ আইচের পরিচালনায় দ্বিতীয় বর্ষের ছাত্রছাত্রীরা দেরাদুন Forest Research Institute পরিদর্শন করেন। বিভাগ আয়োজিত সেমিনারে আমেরিকার পিটসবার্গ বিশ্ব-বিদ্যালয়ের অধ্যাপক ডঃ মৈনাক মজুমদার ও ডঃ সতী মজুমদার অংশগ্রহণ করেন।

আলোচ্য বর্ষে ভূগোল বিভাগের বিভাগীয় প্রধান ডঃ এ বি চট্টোপাধ্যায় Urban Population Geography, অধ্যাপক এন সেন Urban Geography এবং অধ্যাপক পি রায় Priglacial Studies বিষয়ে গবেষণাকার্য করেছেন। এই বিভাগের পরিচালনায় পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের উদ্যোগে বিদ্যালয়ের ভূগোল শিক্ষকদের "নিবিড় শিক্ষণ" দেওয়া হচ্ছে। আলোচ্য বর্ষে দুটি দল এই শিক্ষণ গ্রহণ করেন। আলোচ্য বর্ষে ফিল্ড কর্মসূচীর ফটো প্রদর্শনী এবং ভূগোলের বিভিন্ন বিষয়ে দলগত আলোচনা চালিয়ে যাওয়া হয়। অধ্যাপক এ মুখোপাধ্যায় এবং অধ্যাপক পি রায়ের পরিচালনায় দ্বিতীয় বর্ষের ছাত্রছাত্রীরা আলোচ্য বর্ষে কুলু, কাংড়া উপত্যকা, চম্বা এলাকা এবং পাঞ্জাব সমতলভূমি এলাকায় শিক্ষামূলক ভ্রমণে যান।

**গ্রন্থাগার**

আলোচ্য বর্ষে ক্রীত পুস্তকের ও পত্রিকার সংখ্যা যথাক্রমে ২,৫৯২ এবং ১৩২। উপহার রূপে ৫৭ খানি বই এবং বিভিন্ন পত্রিকা ও পুস্তিকা পাওয়া গেছে। নভেম্বর ১৯৮১ পর্যন্ত পুস্তকের সংখ্যা ১,৩৩,২২০।

এ বছর ব্যবহৃত বই-এর সংখ্যা ১,২২,৭২৪, বাড়িতে নিয়ে যাওয়া বই-এর সংখ্যা ৪৩,৮৩৬ এবং সেমিনারে ব্যবহৃত বই-এর সংখ্যা ৩,৮৮৩।

আর্থিক অসুবিধাগ্রস্ত ছাত্রছাত্রীদের দীর্ঘকালের জন্য পাঠ্যপুস্তক দেওয়ার জন্য স্থাপিত "বুক ব্যাঙ্ক" গত বছর থেকে যথারীতি কাজ ক'রে চলেছে। "বুক ব্যাঙ্ক"-এর পাঠ্যপুস্তক সংখ্যা ৩৪৯।

ছাত্রছাত্রী, অধ্যাপক, গবেষণাকর্মী এবং আর যাঁরা এই গ্রন্থাগার ব্যবহার করেন তাঁদের অধিকতর সাহায্যের জন্য কিছু অসুবিধা এখনই দূর করা দরকার। সে বিষয়ে নিম্নলিখিত প্রস্তাব রাখা হয়েছে ঃ—

(১) অর্থনীতি বিভাগ ও রাষ্ট্রনীতি বিভাগের গ্রন্থাগারের অবিলম্বে সম্প্রসারণ করতে হবে।

(২) মূল ভবনে অবস্থিত আর্টস গ্রন্থাগারটিকে অধুনা পরিত্যক্ত রসায়ন বিভাগের ঘরগুলি পর্যন্ত সম্প্রসারিত করতে হবে। তার আগে ঐ অংশে বই-এর র‍্যাক স্থাপনও করা দরকার। স্মরণ করা যায় যে, এই বাবত টাঃ ৯০,০০০·০০ (নব্বই হাজার) টাকা ব্যয়মঞ্জুরির জন্য একাধিক বার আবেদন করা হয়েছে।

(৩) গ্রন্থাগারের ক্রমবর্ধমান কাজের মোকাবিলা করার জন্য অতিরিক্ত গ্রন্থাগারকর্মী নিয়োগ করতে হবে। এ বিষয়েও কর্তৃপক্ষের কাছে প্রস্তাব রাখা হয়েছে।

(৪) বই ও পত্রপত্রিকা সুসংরক্ষিত করার জন্য যে ঝাড়পোঁছ করা অবশ্য প্রয়োজন তার জন্য বিশেষভাবে শিক্ষণপ্রাপ্ত অন্ততঃ দুজন "ফরাস" প্রয়োজন। ১৯৫৯ সাল থেকে পুনঃ পুনঃ আবেদন ক'রেও এই অসুবিধা দূর হয় নি।

(৫) সকলের সুবিধার জন্য গ্রন্থাগারকে অধিকতর সময় খুলে রাখার ব্যবস্থা করা দরকার।

প্রেসিডেন্সি কলেজের গৌরবময় ঐতিহ্যের অন্তরালে ঐতিহ্যময় এই প্রাচীন গ্রন্থাগারটি যে নীরবে কাজ ক'রে চলেছে তা যদি সংশ্লিষ্ট সকলে মনে রাখেন, তাহ'লে এই গ্রন্থাগার সকলকে আরও ভালভাবে সেবা করতে পারবে।

**খেলাধূলা বিভাগ**

আলোচ্য বর্ষে নির্দিষ্ট সময়সূচী অনুযায়ী বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা উৎসাহ-উদ্দীপনার সঙ্গে অনুষ্ঠিত হয়েছে। কলেজের ক্রিকেট দল আন্তঃকলেজ প্রতিযোগিতায় সাফল্যের পরিচয় দিয়েছে। বিভিন্ন বর্ষের ছাত্রদের মধ্যে ফুটবল প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। চূড়ান্ত প্রতিযোগিতায় রসায়ন বিভাগ বিজয়ী হয়েছিল। ছাত্রছাত্রীদের টেবিল টেনিস প্রতিযোগিতাও সুসম্পন্ন। নানা অসুবিধার জন্য আন্তর্বিভাগ ক্রিকেট প্রতিযোগিতার অনুষ্ঠান শেষ করা যায় নি।

বিশেষভাবে উল্লেখ করা যায় যে, কলেজের খেলাধূলার মাঠটি ব্যবহারের অনুপযুক্ত হয়ে পড়ছে। অবিলম্বে ব্যবস্থা গ্রহণ না করলে খুবই অসুবিধা হবে। পুরাতন রসায়ন বিভাগের ভাঙ্গাচোরা যে অংশটি কলেজের প্রাঙ্গণে রয়েছে তা পরিষ্কার করতে পারলে সেখানে ছেলেমেয়েরা ভালভাবে ভলিবল ও ব্যাডমিন্টন খেলতে পারে। এই অসুবিধাগুলি দূর হ'লে প্রেসিডেন্সি কলেজ খেলাধূলার জগতে তার পুরানো ঐতিহ্য ফিরিয়ে আনতে পারবে।

**প্রেসিডেন্সি কলেজ কর্মী সাংস্কৃতিক সংস্থা**

কলেজের সকল শ্রেণীর কর্মীদের সম্মিলিত সাহায্য ও সহানুভূতিতে এই সংস্থা "রক্তে রোয়া ধান" যাত্রাপালা অভিনয় ক'রে তাঁদের নাট্যাভিনয়ের গৌরবময় ধারাকে বজায় রাখতে পেরেছেন। সংস্থার উদ্যোগে নাটক বিষয়ে একটি আলোচনাচক্রেরও আয়োজন হয়েছিল। শীঘ্রই শিক্ষার উপরে একটি আলোচনাচক্র অনুষ্ঠিত হবে এবং নতুন একটি পূর্ণাঙ্গ নাটকের অভিনয় ও সাংস্কৃতিক অনুষ্ঠানের ব্যবস্থা করা হবে।

# দেশী ও বিদেশী অতিথি

### ইংরেজী বিভাগ

Prof. Kitty Datta, Jadavpur University.
Prof. Arun Dasgupta, Calcutta University.
Mr. Kevin Grossley Holland, British Council.

### দর্শন বিভাগ

Dr. J. N. Mohanty, Oxford University.

### অর্থনীতি বিভাগ

Dr. Dipankar Dasgupta, Indian Statistical Institute, Calcutta.
Prof. Leonid Huruwfcz, University of Minnesota.
Prof. Mukul Mazumdar, Corrnell University, USA.
Dr. Tony Lancaster, University of Hull, UK.
Dr. Kalyan Sanyal, University of Calcutta.

### রাষ্ট্রবিজ্ঞান বিভাগ

Shri Satyen Ghosh, IAS, Director of Census, West Bengal.

### ভূতত্ত্ব বিভাগ

Dr. George Devore, University of Florida.
Dr. Somdev Bhattacharyya (an ex student), City University, New York.
Dr. C. E. G. Westermann, McMaster University, Canada.

### জীববিজ্ঞান বিভাগ

Dr. Sivatosh Mukherjee, Jawharlal Nehru University, New Delhi.
Dr. B. K. Tikadar, Zoological Survey of India.

### রাশিবিজ্ঞান বিভাগ

Dr. Mainak Mazumdar, University of Pittsburgh, USA.
Dr. Sati Mazumdar, University of Pittsburgh, USA.

## Publication and Research Work of the Teaching Staff or by the Students and Research Scholars under their guidance

### BENGALI

**Ghosh, Dr. Ajay Kumar :**

1. রবীন্দ্রসমকালীন কয়েকজন কবি (গবেষণাগ্রন্থ)—পূর্ণ প্রকাশন/৮ এ টেমার লেন, কলিকাতা-৯ (ডিসেম্বর ১৯৮১)।
2. রবীন্দ্রনাথের গ্রামোদ্যোগ/কর্মশিক্ষা জগৎ (প্রবন্ধ) (জানুয়ারি ১৯৮১)।
3. প্রসঙ্গ : রবীন্দ্রনাথ, শরৎচন্দ্র ও অন্যান্য (যন্ত্রস্থ)।

**Bandyopadhyay, Baburam Prasad :**

বাঙালীর বুদ্ধভাবনা—কাব্যসাহিত্যে (যন্ত্রস্থ)।

### HINDI

**Lahiri, Dr. Subrata :**

আধুনিক নাটক : মিথক বোধ (Mithak Aur Bhasa C. U. 81.)

### ENGLISH

**Chowdhuri, Dr. Sukanta :**

1. The Eclogues in Sidney's New Arcadia (Review of English Studies) (in press).
2. Authorship of a Poem in England's Helicon (Notes and Queries) (in press).

### PHILOSOPHY

**Chakraborty, Dr. Nirod Baran :**

1. Different Commentaries on "Ishopanishad" (in press).

২। বেদান্ত ও মাতৃসাধনা (বিশ্ববাণী, আষাঢ়, ১৩৮৮)।

৩। বেদান্ত ও সর্বধর্মসমন্বয় ( ঐ, শ্রাবণ, ১৩৮৮)।

৪। গীতা ও চণ্ডীর সমন্বয় ( ঐ, ভাদ্র, ১৩৮৮)।

### ECONOMICS

**Rakshit, M. K. :**

Macro Economic Problems of a Labor Surplus Economy (Macmillan India) (in press).

**Chatterjee, Biswajit (with Deb Roy, B.) :**

Portfolio Choice under Uncertainty (Working Paper No. 68, Centre for Eeonomic Studies, Presidency College).

**Chatterjee, Biswajit :**

Fundamental Issues in Monetary Theory—A Critique of Orthodox Approaches (work in progress).

**Deb Roy, Bibek :**

1. Informativeness of Information Processes (Working Paper No. 69, Centre for Economic Studies, Presidency College).
2. Labour in China : Incentives and Ideology (Working Paper No. 71, Centre for Eonomic Studies, Presidency College).

**Chakrabarti, Subir :**

A Proof of the Non-degenerorcy Condition in the Leontief System (*Arthaniti*, Department of Economics, Calcutta University, December 1981).

**Datta, Amita :**

Economic Adjustments to the Energy Crisis in India (To be presented as Keynote Paper to the Annual Conference of the Indian Economic Association on Energy Crisis — India).

**Datta, Dr. Jayashree :**

Conditioning and Model Choice (Working Paper No. 72, Centre for Economic Studies, Presidency College).

## POLITICAL SCIENCE

**Mukhopadhyay, Dr. Amal Kumar :**

1. The Bengali Terminology of Political Science (Ed.) (West Bengal State Book Board—in press).
2. The Historiography of Bhupendranath Datta (*Socialist Perspective*, Vol. 8, No. 4).
3. The Fire within a Soft Frame (*Socialist Perspective*, Vol. 9, Nos. 1—2).

## BOTANY

**Kar, A. K. and Gupta, S. K :**

Xylariaceae of West Bengal [Indian Phytopath, Paper No. 4286, Vol. 34(2)] —1981.

**Kar, A. K. and Mahapatra, H. S. :**

Records of Colletorichum Spp. from West Bengal [Indian Phytopath, Paper No. 4348, Vol. 34(2)]—1981.

**Pal, T. K. and Santra, S. C. :**

Contribution to the Algal flora of Murshidabad, W. B. (India)—11 Blue Green Algae [Proc. Ind. Sc. Cong. (68 Session), Banaras]—1981.

**Santra, S. C. :**

1. Biochemical Localisation of Starch Bodies around Infected Region in Wart Infected Potato Plants [Indian Phytopath, Vol. 34(3)]—1981.
2. A New Leaf Spot Disease of Lemon Grass, Cymbopogon Flexuosum (Stent) Wats [Indian Phytopath, Vol. 34(4)]—1981.

## STATISTICS

**Gun, A. M. (with Gupta M. K. and Dasgupta, B) :**

Fundamentals of Statistics (Vol. I), 6th Edn., in press.

**Gun, A. M. :**

জনসংখ্যার প্রশ্নে চীন-রাশিয়া (জয়শ্রী, শারদীয়া সংখ্যা, ১৩৮৮)।

Economics of Higher Education (Keynote Address at the Session in Economics of Higher Education, 1st Conference of Bengal Economic Association).

**Das, B. :**

A Modified Sign Test (Communicated).

**Das, B. (with Bose, Dr. P. K. and Mitra, D. N. ) :**

আরও সবজী ফলান, আরও সবজী খান (কলিকাতা বিশ্ববিদ্যালয়, ১৯৮১)।

**Ghosh, S. :**

1. On a Banach-algebra-valued Measure which arises from a Given Sequence of Banach-algebra-valued Functions.
2. On Estimation of the Square of the Mean of a Normal Population. (Both accepted for publication by Bulletin of Calcutta Mathematical Society).

## PHYSICS

**Raychaudhuri, Prof. A. K. and group working with him :**

1. Viscous Fluid Interpretation of Electromagnetic Fields II—J.M.P. (in press).
2. Rotating Charged Dust in General Relativity—J. Phys. A. Maths and Genl. (in press).
3. Godel Type Universe with Perfect Fluid and a Scalar Field—J.M.P (in press).
4. Charged Dust Distribution in Non-rigid Rotation—Phys. Rev. D. (in press).
5. Fluid with Heat Flux in a Conformally Flat Space Time—Phy. Rev. D. (in press).
6. Perfect Fluid Distribution with Three Killing Vectors—I.J.P., *55 B*, 247, 1981.
7. Plasma Cylinder in Genl. Relativity—I.J.P., *55 B*, 253, 1981.

**Sengupta, Prof. S. and group working with him :**

1. Unified Study of Lattice Mechanical Properties of HgCl Crystal—Phys. Rev., *B*, 23 (4) 1818 (1981).
2. Cosistent Condition in the Energy Expression of the Psedupotential Theory of Metals—Phys. Rev. *B* (in press).
3. A Study in the Homology of Lattice Mechanical Properties of Alkali Metals—Physica Status Solidi, *B* (in press)
4. A Co-ordinate Approach for Alkali Halides Solid Solution—Physica Status Solidi, *B 99*, 327 (1980).
5. On Discontinuity in 1st Derivative in Sch. Wave Equation—Am. J. Phys. (in press).

6. Extentisivity of Entropy Distinguishability and Gibb's Paradox—Pramanna.
7. Three Body Interaction in Flouride Structure Ionic Crystal—Physica Status. Solidi, *B 103* (1981), 535.
8. Unified Study of Polyvalent Simple Metal — Al—J. Phys. F *11*, 377 (1981).

**Basak, Prof. B. S. and group working with him :**

1. Refinement of the Crystal Structure of 9-Methoxy Ellipticine ($C_{18}$ $H_{16}$ $N_2O$)—XIIth Nat. Conf. on Crystallography, Hyderabad, 1981.
2. X-ray Crystal Data of 2 Methyl 1, 2, 3, 9, 10, 10a Hexahydro 2*a*, 10a*a*, -(11-Oxoethano)—Phenatherene ($C_{17}$ $H_{18}$ O).
3. Crystal Structure of 1$\beta$-Methyl-10a$\beta$-Hydroxy 1, 2, 3, 4a, 9, 10, 10a-Octahedrol-1*a*, 4a*a*-11-Oxoethanophenanthrene—XIIth National Conf. on X-ray Crystallography, Hyderabad, 1981.
4. Crystal Data of 10a-Carbethoxy Methyl-4-Methyl-7-Methoxy-1, 2, 3, 9. 10, 10a, Hexahydrophenanthrene ($C_{20}$ $H_{26}0_3$)—XIIth National Conf, of X-ray Crystallography, Hyderabad, 1981.
5. Crystal Data of 2-Vinyl, 6, 4, 4 Trimethyl, 8-Phenoxy Oxacephalosporin—XIIth National Conf. of X-ray Crystallography, Hyderabad, 1981.
6. Crystal Data of ($C_{17}H_{20}$ O) 4*a* Methyl-4β, 10a$\beta$-(12-Oxoethano)-1, 2, 3, 4, 4a*a*, 9, 10, 10*a* Octahydrophenanthrene—XIIth National Conf. on X-ray Crystallography, Hyderabad, 1981.
7. Crystal Data of 7-Methoxy 4, 5 Dihydro (1, 2-b) Napthothiophene 2-Carboxylic Acid — XIIth National Conf. on X-ray Crystallography, Hyderabad, 1981.
8. Crystal Data of Suberenol ($C_{15}$ $H_{16}$ $O_4$)—XIIth National Conf. on X-ray Crystallography, Hyderabad, 1981.
9. The Crystal and Molecular Structure of Futoenone—XIIth National Conf. on X-ray Crystallography, Hyderabad, 1981.
10. The Crystal and Molecular Structure of Norharmane—XIIth Nat. Conf. on X-ray Crystallography, Hyderabad, 1981.
11. Crystal and Molecular Structure of 9-Methoxy Ellicticine—Int. Conf. on X-ray Crystallography, Ottawa, Canada, 1981.
12. Crystal and Molecular Structure of Suberinol—Int. Conf. on X-ray Crystallography, Ottawa, Canada, 1981.
13. Crystal and Molecular Structure of 1$\beta$-Methyl-10a$\beta$ Hydroxy, 1, 2, 3, 4, 4a, 9, 10, 10a Octahedrol 1*a*-4a*a*, (11-Oxoethano Phenanthrene)—Int. Conf. on X-ray Crystallography, Ottawa, Canada, 1981.
14. Molecular Dimension of Indole Moiety—A Comprehensive Study.
15. Crystal Structure of (I)-3a-Methyl-1, 2, 3, 3a, 6, 7-Hexahydropentaleno 1, 6a-a Naphthalen-4-one. $C_{17}$ $H_{18}O$.

**Bandyapadhyay, Prof. B. K. and group working with him :**

1. Fireballs as seen in Nucleon-Nucleus Interactions at 70 Gev. Acta Physica Austriaca, Vol. 53, 99, 1981.
2. Inelasticity Co-efficient of Pionisation for Proton-Nucleus Interactions at 70 Gev. Communicated to European Journal of Physics.
3. Rapidity Distribution of Shower Particles Observed in the Proton-Nucleus Interactions in Emulsions : Communicated to Canadian Journal of Physics.

4. A Ph. D. Thesis entitled "Some Aspects of High Energy Proton-Nucleus Interaction in Emulsion" has been submitted to Calcutta University.

## CHEMISTRY

**Chatterjee, Dr. D. N. and co-workers :**

1. Studies in the Rearrangement of Spiranes : Synthesis of 1, 2, 3, 4-Tetrahydronaphthalene 2, 2-spiro-(3′, 4′-Dimethylcyclopentane) and its Rearrangement on Catalytic Dehydrogenation by D. N. Chatterjee and Bharati Chakravorty—*Science and Culture* (communicated).
2. Studies in the Rearrangement of Spiranes : Synthesis of 1′, 2′, 3′, 4′-Tetrahydrospiro-[3, 4-Benzcyclopentane-1, 2′-Napthalene] and its Rearrangement on Catalytic Dehydrogenation by D. N. Chatterjee and Jayasree Guha— *Current Science* (communicated).

**Shome, Dr. S. C. and co-workers :**

1. Shome, Dr. S. C., Majumdar, Dr. M., Basu, Dr. A. and Mitra, P. C. : The use of 1-5 Bis (Benzylidine) Thiocarbohydrazone as an amperometric reagent for lead—*J. Indian Chem. Soc., 58*, 801 (1981).

**Shome, Dr. S. C. and Haldar, Dr. P :**

2. N-Phenyl-N′-Acetyl Thiourea as a selective chelating agent for the spectrophotometric determination of ruthenium. Talanta (communicated).

**Sanyal, Dr. S. K. and co-workers :**

1. "Validity of the Principle of Additivity of Viscosity B Coefficient in Mixtures" by S. K. Mandal and S. K. Sanyal, *J. Indian Chem. Soc.*, 1981, *58*, 1051.
2. "Hold-up in Non-isothermal Flow in Thermal Field Flow Fractionation" by S. K. Sanyal and M. Adhikari, *J. Indian Chem. Soc.*, 1981, *58*, 1055.
3. "Heat of Transport of Soil Water" by S. K. Sanyal and M. Adhikari, accepted for presentation at the 12th International Congress of Soil Science, to be held in New Delhi, in February, 1982.
4. "Noble Prizes in Chemistry : 1980" by S. K. Sanyal, *Science and Culture*, 1980, *46*, 213 (published in 1981).
5. "Structure of Water in Solution of Organics—Hydrophobic Hydration" by S. K. Sanyal, comunicated to Indian J. Chem. Edn. (July, 1981).
6. "Viscosity B Coefficients of Phenols" by S. K. Mandal and S. K. Sanyal, communicated to *J. Indian Chem. Soc.* (September, 1981)
7. "Solute-solvent Interactions from Visocity Studies" by S. K. Sanyal and S. K. Mandal, communicated to *Indian J. Chem.* (July, 1981).
8. "Thermal Diffusion of Water in Soil " by S. K. Sanyal, B. G. Maitra, and M. Adhikari, communicated to Austr. J. Soil Sci. (November, 1981).

## GEOLOGY

**Saha, Dr. A. K. (jointly with Basu, A. R., Ray, S. L. and Sarkar, S. N.) :**

Eastern Indian 3800 Million-year-old Crust and Early Mantle Differentiation. *Science*, v. 212,p. 1502-1506, 1981.

**Saha, Dr. A. K. :**

Quantitative Techniques of Stratigraphic Correlation : Some Possible Applications in Precambrian Stratigraphy of India (Proc. IGCP Workshop on Quantitative Stratigraphic Correlation, Nov. 1980) (in press).

**Saha, Dr. A. K. (jointly with Saha, A., Das, N. and Mukhopadhyay, A. ) :**

A Statistical Analysis of Air-pollution Data from Five Sampling Stations in Southern Bengal — Proc. Ind. Sci. Acd. (in press).

**Saha, Dr. A. K. (jointly with Sarkar, S. N. ):**

Structure and Tectonics of Singhbhum-Orissa Jron. Ore Craton in "Structure and Tectonics of the Precambrian Basement of India" (publication of Centre for Earth Science Studies, Trivandrum ) (in press).

**Gangopadhyay, Dr. P. K. (jointly with Ray, S. S.) :**

Tectonic Framework of the "Rangit Window" around Namchi, South Sikkim, Himalayan Geology, Vol. 10 (in press).

**Mukhopadhyay, Dr. D. :**

Determination of Finite Strain from Grain Centre Measurements. *Tectonophysics.* v. 67 1980.

**Mukhopadhyay, Dr. D. (jointly with Baral, M. C. and Ghosh, D.) :**

A Tectono-stratigraphic Model of the Chitradurga Schist Belt. *Jour. Geol. Soc. India,* v. 22, 1981.

**Bose, Dr. Mihir K. (jointly with Chakraborti, M. K.) :**

Fossil Marginal Basin from the Indian Shield : a Model for the Evolution of Singhbhum Precambrian Belt Geol. Rundsch. v. 70, 504-518.

## ZOOLOGY

**Chakravorti, D. K. and Roy Talukdar, A. :**

Contribution to the Knowledge of Oribatid Fauna....from Assam. Abstr. Indian Sc. Congr., III, I98.

**Chakravorty, D. K. and Mondal, B. K. :**

Taxonomic Investigation on the Oribatid Fauna......of Forest and Tea-soils in Darjeeling, West Bengal. *Science and Cult.,* 1981 47(5).

**Bhattacharya, S. :**

Histochemistry of Silk Gland of *Bombyx. Mori.* Indian Zool Congr., Bodh Gaya 1980 Session.

**Das Mahapatra, S :**

Susceptibility of Fresh-water Gastropods by Trematode Larvae in West Bengal. *Malacogia* (in press).

**Majumdar, S :**

*Indoplanorbis Exustus* Serving as the Intermediate Host of *Furcocercors Cercariae.* Rec., Z. S. I., *Calcutta,* 1980.

## College Medals and Prizes

*On the results of B.A. and B.Sc. Part I Examination, 1980*

| | Name of the student | Name of prizes and medals | Particulars |
|---|---|---|---|
| 1. | Sm. Shefali Dutta (Roll 184). | Scindia Gold Medal now gold-centred and Gwallior Prize books valued Rs. 12. | 1st from the college in Honours in Part I Science Examination, 1980. |
| 2. | Sm. Nini Chanda .. (Roll 33). | Ditto. | 1st from the college in Honours in Part I Arts Examination, 1980. |
| 3. | Sm. Sampa Chaudhuri (Roll 22). | Arun Sarkar Memorial Medal | Highest marks in Bengali Honours in Part I Arts Examination, 1980. |
| 4. | Suchandra Sengupta (Roll 63). | Harish Chandra Kabiratna Prize books valued Rs. 10. | Highest marks in Sanskrit Honours in Part I Arts Examination, 1980. |
| 5. | Shri Subrata Ghosh (Roll 53). | Chandranath Moitra Medal | Highest marks in Geology Honours in Part I Science Examination among the students of the college. |
| 6. | Srimati Lal (Roll 32) | C. C. Ghosh Memorial Prize books valued Rs. 42. | Highest marks in English Honours in Part I Arts Examination among the students of 3rd Year English Honours Class of the college. |
| 7. | Shri Amitava Ghosh (Roll 72). | Raibahadur Devendra Chandra Ghosh Prize books valued Rs. 55. | Highest marks in History Honours in Part I Examination obtained by a student of this college who has been admitted in the 3rd Year Class of this college. |
| 8. | Sm. Sriparna Bose (Roll 192). | College Prize books valued Rs. 26. | Highest marks in Geography Honours in Part I Arts and Science Examination obtained by a student of this college who has been admitted in the 3rd Year Class. |
| 9. | Sm. Sebanti Sinha . (Roll 1). | Kunja Behari Basak Medal | Highest marks in Practical Chemistry in Part I Science Examination, 1980 in Chemistry Honours among the Chemistry (Honours) students of the college. |
| 10. | Sugata Sen (Roll 82). | P. C. Mahalanabis Prize books valued Rs. 77. | Highest marks in Statistics in Part I (Science) Examination among the students of the college. |

*On the results of 1st Year Annual Examination, 1980*

| | Name of the student | Name of prizes and medals | Particulars |
|---|---|---|---|
| 11. | | Nistarini Dasi Prize books valued Rs. 25. | Best Laboratory Note Book in Physics Honours among the 1st Year B.Sc. Class students of the college. |

| | Name of the student | Name of prizes and medals | Particulars |
|---|---|---|---|
| | *On the results of B.A. and B.Sc. (3 Year Degree Course) Examination, 1980* | | |
| 12. | Shri Chittaranjan Das (Roll 39). | Cunninghum Memorial Prize books valued Rs. 29 and Acharyya Prafulla Chandra Centenary Prize books valued Rs. 112. | Highest marks in Chemistry in B.Sc. Examination among the students of the college. |
| 13. | Shri Arup Kr. Atta (Roll 18). | College Prize books valued Rs. 26. | Highest marks in Chemistry Honours among the 1st Year M.Sc. students of the college. |
| 14. | Sm. Chandrika Roy (Roll 89). | J. C. Nag Memorial Medal | Highest marks in Botany Honours in B.Sc. Examination among the students of the college. |
| 15. | Shri Subir Kr. Mitra (Roll 11). | J. C. Sinha Economics Prize books valued Rs. 15. | Highest marks in Economics Honours in B.A. Examination among the students of the college. |
| 16. | No student .. | Kartick Chandra Maullik Memorial Medal. | Highest marks in Philosophy Honours in B. A. Examination among the students of the college. |
| 17. | Sm. Ratna Sengupta (Roll 33). | Kuruvilla Zacharia Memorial Prize Books valued Rs. 106. | Highest marks in Histroy Honours in B. A. Examination among the students of the college. |
| 18. | Sm. Prabha Jain (Roll 15). | Prof. Amal Bhattacharyya Memorial Prize books valued Rs. 50. | Highest marks in English Honours in B.A. Examination among the students of the college. |
| 19. | (a) Sm. Mina Chatterjee (Roll 13).<br>(b) No student. | Bani Bose Memorial Prize books valued Rs. 44. | Highest marks in Bengali Honours in B.A. Examination to be distributed among two girl students of the college securing the two topmost positions. |
| 20. | (a) Shri Kabir Dasgupta (Roll 1).<br>(b) Shri Tamal Roy (Roll 26). | Swapan Saha Memorial Prize fund valued Rs. 40. | Highest marks in Physics Honours in B.Sc. Examination among the students of the college. |
| 21. | Shri Pradip Kr. Basu (Roll 20). | Bibhuti Bhusan Bandyopadhyay Memorial Prize books valued Rs. 50 donated by Dr. H. P. Mitra. | Highest marks in Bengali Honours in B.A. Examination. |
| 22. | Shri Subir Kr. Mitra (Roll 11). | Nirode Baran Bakshi Memorial Prize books valued Rs. 143. | 1st from the college in B.A. Honours Final Examination. |
| 23. | Shri Chittaranjan Das (Roll 39). | Ditto .. | 1st from the college in B.Sc. Honours Final Examination. |
| 24. | Sm. Ratna Sengupta (Roll 33). | Adhyapak Tarak Nath Sen Memorial Prize books valued Rs. 50 donated by Dr. H. P. Mitra. | Highest marks in Compulsory Bengali among the students of the college. |
| 25. | Shri Somnath Ghosh (Roll 105). | Jnanendra Bhusan Mukherjee Memorial Prize books valued Rs. 100 donated by Shri Anil Kr. Mukherjee. | Highest marks in Mathematics Honours among the students of the college. |

| | Name of the student | Name of prizes and medals | Particulars |
|---|---|---|---|
| 26. | Shri Priyadarshi Dutta (Roll 108). | P. C. Mahalanabis Prize books valued Rs. 77. | Highest marks in Statistics Honours in B.Sc. Examination among the students of the college. |
| 26. | (a) Sm. Chaity Ray (Roll 5). | Charu Silla Devi Medal donated by Shri Santosh Kumar Chatterjee. | Highest marks in Mathematics Honours not securing any other prize or medal from the college. |

*On the results of M.A. and M. Sc. Examination, 1979*

| | | | |
|---|---|---|---|
| 27. | Shri Kamalendu Dhar (Roll 86). | Cunninghum Memorial Prize books valued Rs. 39. | Highest marks in Chemistry among the students of the college. |
| 28. | Sm. Tapati Guha Thakurta (Roll 41). | Chandranarayan Gold-centred Medal. | Highest marks in History among the students of the college. |
| 29. | Shri Harsa Dutta (Roll 60). | Jibanananda Das Prize books valued Rs. 50 donated by Dr. H. P. Mitra. | Highest marks in Bengali among the students of the college. |
| 30. | Shri Prodosh Bhattacharya (Roll 19). | Prof. P. C. Ghosh Memorial Prize books valued Rs. 177. | Highest marks in English among the students of the college. |

B. S. BASAK,
*Principal,*
*Presidency College, Calcutta.*

WBGP-81/82-4594F-800